

**কস্তুরবা গান্ধী বালিকা বিদ্যালয়ের ছাত্রী আবাসের উদ্বোধন**

**মানুষের মৌলিক চাহিদাগুলি পূরণে বর্তমান  
সরকার পরিকল্পনা নিয়ে কাজ করছে : মুখ্যমন্ত্রী**

মানুষের মৌলিক চাহিদাগুলি পূরণে বর্তমান সরকার পরিকল্পনা নিয়ে কাজ করছে। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, খেলাধুলা ইত্যাদি বিষয়ের উপর বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করা হচ্ছে। স্বচ্ছতা রেখে রাজ্যের প্রতিটি নাগরিকের কাছে সরকারি বিভিন্ন প্রকল্পের সুযোগ সুবিধা পৌঁছে দেওয়া হচ্ছে। আজ করবুক ব্লকের দক্ষিণ চেলাগাং ভিলেজে কস্তুরবা গান্ধী বালিকা বিদ্যালয়ের টাইপ ফোর ছাত্রী আবাসের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা। এ উপলক্ষে চেলাকাহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ছেলেমেয়েরা যাতে দেশের অন্যান্য রাজ্যের ছেলেমেয়েদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে চলতে পারে, প্রতিযোগিতা করতে পারে সেভাবে প্রতিটি বিদ্যালয়ে পঠন পাঠনের ব্যবস্থা করা হয়েছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, সকলস্তরের মানুষ যাতে সমানভাবে সরকারি সুযোগ সুবিধা গ্রহণ করতে পারে সে লক্ষ্য নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কাজ করছেন। রাজ্যে ছাত্রীদের বিদ্যালয়ে যাতায়াতের সুবিধার্থে বাইসাইকেল প্রদান করা হচ্ছে। আগামীদিনে স্কুটি প্রদান করা হবে। ছাত্রীদের শিক্ষা, স্বাস্থ্য এবং নিরাপত্তার ব্যাপারে বর্তমান সরকার সচেষ্টিত। রাজ্যে শিক্ষাক্ষেত্রে আমূল পরিবর্তন সহ এনসিইআরটি পাঠক্রম চালু করা, ১২৫টি স্কুলকে বিদ্যাজ্যোতি স্কুলে পরিবর্তন, সুপার ৩০, মুখ্যমন্ত্রী মেধা পুরস্কার, বোর্ডিং স্টাইপেন্ড প্রদান, নিপুণ প্রকল্প, মিশন মুকুল এবং অত্যাধুনিক সায়েন্স ল্যাব ও স্মার্ট ক্লাস ইত্যাদি বাস্তবায়ন হচ্ছে। তিনি বলেন, ছাত্রছাত্রীদের পাশাপাশি শিক্ষক শিক্ষিকাদেরও গুরুত্ব সহ শিক্ষা প্রদান করতে হবে যাতে করে আগামীদিনে ছাত্রছাত্রীরা সুশিক্ষায় শিক্ষিত হয়ে দেশের সেবা করতে পারে।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে ফরেন্সিক ইউনিভার্সিটি থেকে শুরু করে ল' ইউনিভার্সিটি এবং কারিগরি শিক্ষারও বিভিন্ন প্রতিষ্ঠান গড়ে উঠেছে। বিভিন্ন বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি নিতে গেলে রাজ্যেই প্রয়োজনীয় পরিকাঠামো রয়েছে। উন্নত শিক্ষা গ্রহণ করার সুযোগ ছাত্রছাত্রীরা রাজ্যেই পাবে। মুখ্যমন্ত্রী বলেন, স্বচ্ছ সরকার প্রতিষ্ঠা হওয়ার ফলেই বর্তমানে ই-ক্যাবিনেট, সরকারি দপ্তরে ই-ফাইলিং চালু করা হয়েছে। আগামীদিনে ব্লকস্তর পর্যন্ত এই ব্যবস্থা নিয়ে যাওয়া হবে। তিনি বলেন, রাজ্যের উন্নয়নের ধারাকে আরও এগিয়ে নিয়ে যেতে হলে জাতি জনজাতির মধ্যে শান্তি ও সম্প্রীতি বজায় থাকতে হবে। তাহলে শিক্ষার যেমন প্রসার হবে তেমনই ছাত্রছাত্রীদের সুস্থ মানসিক বিকাশ ঘটবে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, বিধায়ক অভিষেক দেবরায়, বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা, সমাজসেবী অতীন্দ্র রিয়াং, অসীম ত্রিপুরা প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এলিমেন্টারি এডুকেশনের অধিকর্তা শুভাশিস বন্দ্যোপাধ্যায়। সভাপতিত্ব করেন করবুক ব্লক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান প্রণব কুমার ত্রিপুরা।

উল্লেখ্য, দ্বিতল বিশিষ্ট ছাত্রী আবাসটি নির্মাণে ব্যয় হয়েছে ২ কোটি ২৮ লক্ষ ৬৭ হাজার টাকা। চেলাগাং সফরে এসে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা চেলাগাং পুলিশ স্টেশনেরও উদ্বোধন করেন। সেখানে মুখ্যমন্ত্রীর গার্ড অব অনারও দেওয়া হয়। পুলিশ স্টেশনে মুখ্যমন্ত্রী পুলিশ জওয়ানদের সাথে মতবিনিময়ও করেন। তারপর মুখ্যমন্ত্রী চেলাগাং এলাকার ১৮ জন কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের লাভার্থীদের সাথে মতবিনিময় করেন। মতবিনিময় অনুষ্ঠানে গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা, জেলা পুলিশ সুপার নমিত পাঠক, করবুক মহকুমার মহকুমা শাসক পার্থ দাস, করবুক ব্লকের বিডিও দিব্যেন্দু দাস সহ বিভিন্ন দপ্তরের অধিকারিকগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*